

# রাবির ভর্তি পরীক্ষার আবেদন শুরু ৮ জানুয়ারি, দেখে নিন 'এ' ইউনিটের খুঁটিনাটি

রাবি প্রতিনিধি

০২ জানুয়ারি ২০২৪, ০৬:৫১ পিএম



রাজশাহী বিশ্ববিদ্যালয়ের (রাবি) ২০২৩-২৪ শিক্ষাবর্ষে ১ম বর্ষ স্নাতক ও স্নাতক (সম্মান) শ্রেণিতে ভর্তি পরীক্ষা আগামী ৫ মার্চ শুরু হবে। ভর্তি পরীক্ষা গত বছরের মতো তিনটি ইউনিটে অনুষ্ঠিত হবে। এর মধ্যে মানবিক বিভাগ থেকে পাস করা শিক্ষার্থীদের জন্য থাকছে 'এ' ইউনিট। 'এ' ইউনিটে রয়েছে দেশসেরা আইন বিভাগসহ আরও বেশকিছু স্বনামধন্য বিভাগ। তাছাড়া এই ইউনিটে রয়েছে অন্যান্য ইউনিটের তুলনায় সবচেয়ে বেশি আসন। যেখানে পরীক্ষা দেওয়ার সুযোগ পাচ্ছে মানবিক, বাণিজ্য, বিজ্ঞান বিভাগেরও শিক্ষার্থীরাও। ভর্তিচ্ছু শিক্ষার্থীদের জন্য এই ইউনিটের বিস্তারিত তুলে ধরা হলো।

## ইউনিট পরিচিতি

‘এ’ ইউনিটের অধীনে রয়েছে কলা, আইন, সামাজিক বিজ্ঞান ও চারুকলা অনুষদের ২৭টি বিভাগ এবং শিক্ষা ও গবেষণা ইনস্টিটিউট। এ বছরে মোট কতটি আসন সংখ্যা রয়েছে তা এখনো প্রকাশ করা হয়নি। তবে গতবছর মোট আসন ছিল ১ হাজার ৮৭৭টি।

## আবেদন

আগামী ৮ জানুয়ারি সকাল ১২টা থেকে স্নাতক প্রথমবর্ষ ভর্তি পরীক্ষার প্রাথমিক আবেদন শুরু হবে। চলবে ১৭ জানুয়ারি রাত ১২টা পর্যন্ত। প্রাথমিক আবেদন ফি ৫৫ টাকা। প্রাথমিক আবেদন শেষে চূড়ান্ত আবেদন শুরু হবে ২৬ জানুয়ারি থেকে। প্রাথমিক আবেদনকারীদের মধ্য থেকে এইচএসএসি/সমমান পরীক্ষার ফলাফলের ভিত্তিতে প্রতিটি ইউনিটে সর্বোচ্চ ৭২ হাজার ভর্তি-ইচ্ছুক এবং বিভিন্ন কোটায় আবেদনকারী ভর্তি পরীক্ষায় অংশ নেওয়ার সুযোগ পাবে। চারটি ধাপে চূড়ান্ত আবেদন সম্পন্ন করা হবে। এই ইউনিটে চূড়ান্ত আবেদন ফি নির্ধারিত করা হয়েছে ১ হাজার ৩২০ টাকা (সার্ভিস চার্জসহ)।

## পরীক্ষা পদ্ধতি

গতবারের মতো এবারও বহু-নির্বাচনী প্রশ্নে পরীক্ষা অনুষ্ঠিত হবে। ১০০ নম্বরের পরীক্ষায় মোট ৮০টি বহু-নির্বাচনী প্রশ্ন থাকবে, সময় এক ঘণ্টা। প্রতিটি প্রশ্নের মান ১.২৫। প্রতিটি ভুল উত্তরের ০.২৫ করে নম্বর কাটা হবে। অর্থাৎ, চারটি ভুল উত্তরের জন্য ১ নম্বর কাটা যাবে। পরীক্ষায় নূন্যতম পাস নম্বর ৪০।

তবে সঙ্গীত; নাট্যকলা; চিত্রকলা, প্রাচ্যকলা ও ছাপচিত্র; মৃৎশিল্প ও ভাস্কর্য এবং গ্রাফিক ডিজাইন, কারুশিল্প ও শিল্পকলার ইতিহাস বিভাগসমূহের ব্যবহারিক পরীক্ষার পূর্ণমান হবে ১০০ এবং পাস নম্বর ৪০। ইংরেজি বিভাগে ভর্তির ক্ষেত্রে বহু-নির্বাচনী পরীক্ষায় উত্তীর্ণ পরীক্ষার্থীদের ৫০ নম্বরের লিখিত পরীক্ষায় অংশগ্রহণ করতে হবে।

## মান বন্টন

‘এ’ ইউনিটের বহু-নির্বাচনী প্রশ্নপত্রে ক, খ, গ তিনটি অংশ থাকবে। এর মধ্যে (ক) বাংলা- ৩৫ নম্বর, (খ) ইংরেজি- ৩৫ নম্বর, (গ) সাধারণ জ্ঞান- ৩০ নম্বর। মোট ১০০ নম্বর।

## নির্বাচন প্রক্রিয়া

প্রতিটি ইউনিটে ৭২ হাজার শিক্ষার্থী পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবে। সেক্ষেত্রে প্রাথমিক আবেদন থেকে যাচাই-বাছাই শেষে উত্তীর্ণ শিক্ষার্থীদের চূড়ান্ত আবেদনের জন্য মনোনীত করা হবে। প্রাথমিক আবেদন থেকে পরীক্ষার্থী বাছাইয়ের ক্ষেত্রে ৬৫ শতাংশ মানবিক শাখা হতে এবং ৩৫ শতাংশ মানবিক ব্যতীত অন্যান্য শাখা হতে নির্ধারণ করা হবে। চারটি শিফটের ভর্তি পরীক্ষায় প্রতি শিফটে ১৮ হাজার শিক্ষার্থী পরীক্ষায় বসবে।

## পরীক্ষার সময়

আগামী ৬ মার্চ ‘এ’ ইউনিটের ভর্তি পরীক্ষা অনুষ্ঠিত হবে। চারটি শিফটে (গ্রুপ) ভর্তি পরীক্ষা অনুষ্ঠিত হবে। প্রথম শিফটের (গ্রুপ-১) পরীক্ষা সকাল ৯টা থেকে ১০টা, দ্বিতীয় শিফট (গ্রুপ-২) বেলা ১১টা থেকে ১২টা, তৃতীয় শিফট (গ্রুপ-৩) দুপুর ১টা থেকে ২টা এবং চতুর্থ শিফট (গ্রুপ-৪) বিকেল সাড়ে ৩টা থেকে সাড়ে ৪টা পর্যন্ত অনুষ্ঠিত হবে।

## মেধাতালিকা তৈরি হবে যেভাবে

এসএসসি ও এইচএসসি পরীক্ষার ফলাফলের উপর কোনো মার্ক নেই। মোট ১০০ নম্বরের পরীক্ষায় যারা বেশি মার্ক পাবে তারাই মেধাতালিকায় এগিয়ে থাকবে। চার শিফটের (গ্রুপ) আলাদা আলাদা মেধাতালিকা প্রস্তুত করা হবে।

এ ছাড়া ভর্তি সংক্রান্ত যেকোনো তথ্য বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইটে জানা যাবে।

রাবি